



নোবিপ্রবি/জনওপ্রকা/প্রেস বিজ্ঞপ্তি/২০২৩/১৫৭৬

১১ এপ্রিল ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তি  
নোবিপ্রবি শিক্ষার্থীদের জন্য মাইক্রোসফট এর পক্ষ থেকে  
প্রশিক্ষণ প্রদানের চুক্তি স্বাক্ষর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষার্থীদের জন্য মাইক্রোসফট এর 'নার্সারিং কমিউনিটি' প্রোগ্রামের আওতায় প্রশিক্ষণ প্রদানের জন্য চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (১১ এপ্রিল ২০২৩) নোবিপ্রবিতে এই চুক্তি স্বাক্ষরিত হয়। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পক্ষে মাননীয় কোষাধ্যক্ষ প্রফেসর ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর এবং মাইক্রোসফট এর পার্টনার স্পৃহা বাংলাদেশ ফাউন্ডেশনের সিনিয়র পরিচালক অজয় কুমার বোস চুক্তিতে স্বাক্ষর করেন।

নোবিপ্রবি সাইবার সেন্টার ও ইন্টারন্যাশনাল কো-অপারেশান ও কোলাবোরেশান অফিসের মাধ্যমে 'নার্সারিং কমিউনিটি' প্রকল্পের আওতায় বিশ্ববিদ্যালয়ের শেষ বর্ষের শিক্ষার্থীদের মধ্যে যাদের পাঠ্য বিষয়ে আইসিটি অন্তর্ভুক্ত নয় এমন শিক্ষার্থীদেরকে উদ্দেশ্য করে এই প্রশিক্ষণের আয়োজন করা হবে, যাতে উক্ত শিক্ষার্থীগণ গ্র্যাজুয়েশন ও প্রশিক্ষণ শেষে সহজে চাকরী পেতে পারেন। একই সঙ্গে মাইক্রোসফট এর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠানে সাপোর্ট সিস্টেম ইঞ্জিনিয়ার হিসেবে নিয়োগ লাভে সহযোগিতা করা হবে এই প্রশিক্ষণের মাধ্যমে।

নোবিপ্রবির পক্ষে সাইবার সেন্টারের পরিচালক ও সিএসটিই বিভাগের সহকারী অধ্যাপক জনাব মাহমুদুল হাসান রানা এবং নোবিপ্রবি সাইবার সেন্টারের সহকারী পরিচালক ও আইআইটি বিভাগের সহকারী অধ্যাপক জনাব ইফতেখার হোসাইন কে মাইক্রোসফট এর পক্ষ থেকে প্রশিক্ষণ প্রদান করা হবে, তারা শিক্ষার্থীদেরকে বিনামূল্যে প্রশিক্ষণ প্রদান করবেন। নোবিপ্রবি ইন্টারন্যাশনাল কো-অপারেশান ও কোলাবোরেশান সেন্টার (আইসিসিসি) উক্ত কার্যক্রমে সমন্বয়ের দায়িত্ব পালন করবেন।

নোবিপ্রবির বিজ্ঞান ও সমাজবিজ্ঞান অনুষদের আইটি সম্পর্কিত নয় এমন বিষয়সমূহের চেয়ারম্যান কর্তৃক মনোনীত চারজন শিক্ষার্থীর মধ্যে থেকে স্পৃহা ফাউন্ডেশনের পক্ষ থেকে ভারুয়াল ইন্টারভিউয়ের মাধ্যমে ১৬ জন শিক্ষার্থীকে নির্বাচন করা হয়। এর মধ্যে বিএমএস বিভাগের ০১ জন, সমাজবিজ্ঞান বিভাগের ০৩ জন, ইংরেজি বিভাগের ০৩ জন, সমুদ্রবিজ্ঞান বিভাগের ০৪ জন, এফটিএনএস বিভাগের ০৩ জন এবং পরিবেশবিজ্ঞান বিভাগের ০২ জন শিক্ষার্থী রয়েছেন। শিগগিরই তাদের প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে।

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।